





উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর, এর বার্ষিক কর্মপরিকল্পনা চুক্তি ২০২৪-২৫ এর আওতায় সেবা প্রদান

প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা কমিটির সভার কার্য বিবরণী :-

স্থানঃ উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর,

তারিখঃ ০৮/০৯/২৪ খ্রিঃ


সময়ঃ-সকাল ১০.০০ ঘটিকা।

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মোঃ রবিউল রানা	উপজেলা সমবায় অফিসার	
০২	মোঃ সুমন রেজা	সহকারী পরিদর্শক	
০৩	মোঃ আব্দুল গনি	সহকারী পরিদর্শক	
০৪	জামাতুন ফেরদৌস	অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর	

জনাব মোঃ রবিউল রানা, উপজেলা সমবায় অফিসার, গুরুদাসপুর, নাটোর এর সভাপতিত্বে ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা চুক্তি ২০২৪-২৫ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ কর্মপরিকল্পনা প্রনয়ন বাস্তবায়ন সংক্রান্ত কমিটির কাজ শুরু হয় সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী মোতাবেক বিষয়সমূহ উপস্থাপন করার জন্য টিমের সদস্য জনাব মোঃ সুমন রেজা, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, গুরুদাসপুর, নাটোর কে নির্দেশনা প্রদান করেন।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা বিষয়ে আলোচনা।	অত্র উপজেলায় সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার বিভিন্ন সমস্যা নিয়ে আগত সমবায়ী ও জনসাধারণের সমস্যা সমূহ অবগত হওয়া এবং তাদের মতামত নিয়ে সমস্যা সমাধান করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	সমবায়ী ও জনসাধারণের সমস্যা সমূহ অবগত হওয়া সমস্যার সমাধান করার জন্য তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহন করতে হবে।	উপজেলা সমবায় দপ্তরে কর্মরত সংশ্লিষ্ট দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীগণ।
০২	জনসাধারনকে নৈতিকতার ভিত্তিতে সঠিক সেবা প্রদান	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অত্র উপজেলা হতে বিভিন্ন সমস্যা নিয়ে আগত জনসাধারনের সমস্যা লিপিবদ্ধকরণের জন্য অত্রদপ্তরে একটি অভিযোগ/ সমস্যা রেজিষ্টার চালু থাকবে। উক্ত রেজিষ্টারে তাদের অভিযোগ/ সমস্যার বিষয়সমূহ যথারীতি লিপিবদ্ধ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	রেজিষ্টারে লিপিবদ্ধকৃত অভিযোগ/ সমস্যাসমূহ তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট দায়িত্বে নিয়োজিত কর্মকর্তার নিকট উপস্থাপন করতে হবে এবং দ্রুততার সহিত সমস্যাসমূহ নিষ্পত্তি করতে হবে।	উপজেলা সমবায় দপ্তরে কর্মরত সংশ্লিষ্ট দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীগণ।
০৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ বাস্তবায়ন	অত্র উপজেলা সমবায় কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ এর সূচকসমূহ যথাসময়ে বাস্তবায়ন করার বিষয়ে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সমবায়ী ও জনসাধারনকে বিভিন্ন দিক-নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন ও সমবায়ীদের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে উপস্থিত সকলের সাথে বিস্তারিত আলোচনা করা হয়।	অত্র উপজেলা সমবায় কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ এর সূচকসমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে সে লক্ষ্যে সমবায়ীদের সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমবায় দপ্তরে কর্মরত সংশ্লিষ্ট দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীগণ ও সমবায়ীগণ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৮/০৯/২৪

(মোঃ রবিউল রানা)

উপজেলা সমবায় অফিসার

গুরুদাসপুর, নাটোর।